# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ

প্রশাসন-০৪ অধিশাখা

www.mof.gov.bd

স্মারক নং- ০৭.০০.০০০০.০৮৪.১১.০০১.২১-৪৬১

তারিখ : ১০ আষাঢ় ১৪২৮ / ২৪ জুন- ২০২১ খ্রিস্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

মনিটরিং সেল, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের রাজস্ব খাতভুক্ত নিয়োগযোগ্য ০১ (এক) টি "ড্রাইভার" -এর শূন্য পদের বিপরীতে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে পদের পার্শ্বে বর্ণিত শর্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে:

| ক্রমিক | পদের নাম, গ্রেড ও বেতনস্কেল | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই |
|---|---|---|---|---|
| ১. | ড্রাইভার (গ্রেড-১৬) (৯,৩০০-২২,৪৯০ টাকা) | ০১ (এক)টি | (ক) অষ্টম শ্রেণি পাশ এবং হালকা যানবাহন চালনার বৈধ লাইসেন্সধারী হতে হবে। | ঢাকা ও চাঁদপুর জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।<br>এতিমখানার নিবাসী ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |

**নিম্নবর্ণিত শর্তাবলি আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে :**

০১। ০১/০৭/২০২১ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়সসীমা :

(ক) সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে ০১/০৭/২০২১ তারিখে বয়স ১৮ হতে ৩০ বছর।

(খ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের পুত্র-কন্যার ক্ষেত্রে বয়সসীমা ৩০ বছর পর্যন্ত।

(গ) বয়স প্রমাণের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

(ঘ) এই নিয়োগ বিজ্ঞপ্তির বর্ণিত ছকের শূন্য পদ পূরণে 'অর্থ বিভাগের মনিটরিং সেল-এর কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ১৯৯৬" অনুসরণ করা হবে। এতদ্ব্যতীত নিয়োগ সংক্রান্ত বিদ্যমান সরকারি যাবতীয় বিধি-বিধান/আদেশ/নিয়মাবলী এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধিতে কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

(ঙ) সরকারী, আধা-সরকারী ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। সকল চাকুরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্রের মূল কপি জমা দিতে হবে। এক্ষেত্রে কোনো অগ্রিম কপি গ্রহণ করা হবে না।

০২। আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার তথ্য আবশ্যিকভাবে উল্লেখ করতে হবে।

০৩। লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে সর্বমোট ৪০ নম্বরে (বাংলা=১০, ইংরেজি=১০, গণিত=১০ ও প্রাসঙ্গিক টেকনিক্যাল/সাধারণ জ্ঞান=১০)।

০৪। লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য বিবেচিত হবেন।

০৫। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৬। নিয়োগাকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

০৭। এক জেলার বাসিন্দা অন্য জেলার বাসিন্দা হিসেবে আবেদন করতে পারবেন না।

০৮। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

০৯। উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে সরকারের সর্বশেষ জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

১০। প্রার্থীর যোগ্যতা যাচাই : (ক) প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা বিজ্ঞপ্তিতে চাওয়া ন্যূনতম শর্তের সাথে গরমিল/অসামঞ্জস্য পাওয়া গেলে, ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থিতা পরীক্ষা চলাকালীন অথবা পরবর্তীতে যে কোনো সময়ে প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(খ) যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দণ্ডিত হন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

১১। আবেদনপত্র প্রেরণের নিয়মাবলী ও করণীয়:

i. আবেদনের নির্ধারিত ফরম (যা মন্ত্রণালয়ের www.mof.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে) যথাযথভাবে পূরণপূর্বক আবেদনকারী কর্তৃক স্বাক্ষরিত আবেদনপত্র সভাপতি, বিভাগীয় নির্বাচন কমিটি ও অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ভবন নং-১১, কক্ষ নং-১৬১৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর আগামী ২৮/০৭/২০২১ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে পৌঁছাতে হবে। আগামী ২৮/০৭/২০২১ তারিখ অপরাহ্ণ ৫.০০ ঘটিকার পর ডাকযোগে বা অন্য কোনভাবে প্রাপ্ত আবেদনপত্র কোনভাবেই গ্রহণযোগ্য হবে না। সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

ii. (ক) সদস্য-সচিব ও উপসচিব (প্রশাসন-৪ অধিশাখা), বিভাগীয় নির্বাচন কমিটি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-এর অনুকূলে ১-০৯০১-০০০১-২০৩১ কোড নম্বরে পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা অফেরতযোগ্য ট্রেজারী চালান বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকে জমা দিয়ে তার মূল কপি আবেদনপত্রে সংযুক্ত করে দিতে হবে।

(খ) আবেদনপত্রের খামের উপরের ডান পার্শ্বে পদের নাম, বিভাগের নাম, জেলার নাম এবং বিশেষ কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) উল্লেখ করতে হবে এবং আবেদনকারীকে তার নাম ও বর্তমান যোগাযোগের ঠিকানা উল্লেখপূর্বক ১০.০০ (দশ) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাক টিকেটযুক্ত ফেরত খাম ৯.৫×৪.৫ ইঞ্চি আবেদনপত্রের সাথে প্রেরণ করতে হবে।

(গ) আবেদন ফরম নির্ধারিত স্থানে সাম্প্রতিক তোলা (রঙিন) পাসপোর্ট আকারের ১(এক) কপি ছবি সংযুক্ত করতে হবে এবং অতিরিক্ত ২(দুই) কপি ছবি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

iii. প্রার্থীকে আবেদনের সময় প্রাথমিকভাবে কোন কাগজপত্র প্রেরণ করতে হবে না। লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষা গ্রহণের পর কেবল উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার সময় আবেদনপত্রে উল্লিখিত তথ্যাদির সমর্থনে নিম্নলিখিত প্রয়োজনীয় কাগজপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ০১ সেট অনুলিপি জমা দিতে হবে।

(ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদ।

(খ) জাতীয় পরিচয়পত্র (NID/Smart card)/জন্ম নিবন্ধন।

(গ) চাকরির আবেদন ফরমে উল্লিখিত স্থায়ী ঠিকানা, নিজ জেলা ও জাতীয়তার সমর্থনে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত নাগরিকত্বের সনদ।

(ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ।

(ঙ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যা (নাতি-নাতনি) হলে উক্ত বক্তব্যের স্বপক্ষে আবেদনকারীকে (সংশ্লিষ্ট বীর মুক্তিযোদ্ধার গেজেট/ভারতীয় তালিকা/লাল মুক্তিবার্তা নম্বর/সাময়িক সনদের নম্বর ও তারিখ/বামুস সনদের নম্বর ও তারিখ উল্লেখপূর্বক) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত প্রমাণপত্র উপস্থাপন করতে হবে।

(চ) বিভিন্ন কোটায় আাবেদনকারী প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে সনদ/প্রত্যয়ন/অনাপত্তিপত্র দাখিল করতে হবে।

১২। ত্রুটিপূর্ণ অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।

২৪/০৬/২০২১

**বিশ্বজিৎ ভট্টাচার্য্য খোকন এনডিসি**

অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়)

ও সভাপতি বিভাগীয় নির্বাচন কমিটি অর্থ বিভাগ